# সিলেট বোর্ড-২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. 'ক' এবং 'খ' অঞ্চল নিয়ে গঠিত একটি রাষ্ট্রের সিংহভাগ আয় 'ক' অঞ্চল থেকে সংগৃহীত হলেও কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক আচরণ ও অবহেলার কারণে ঐ অঞ্চলে তেমন কোনো উন্নতি হয়নি। বৈষম্য নিরসনের লক্ষ্যে "ক" অঞ্চলের একজন নেতা কেন্দ্রীয় সরকারের কাছে বেশকিছু দাবি তুলে ধরেন। দাবিগুলো না মেনে কেন্দ্রীয় সরকার এমন কিছু পদক্ষেপ গ্রহণ করেন, যার ফলে 'ক' অঞ্চলটি স্বাধীনতার দিকে ধাবিত হয়।

ক. পাকিস্তানে প্রথম সামরিক আইন জারি করেন কে? ১

খ. 'মৌলিক গণতন্ত্র' ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'ক' অঞ্চলের পেশকৃত দাবিগুলোর সাথে বাংলাদেশের কোন ঘটনার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'ক' অঞ্চলের পরিণতি এবং বাংলাদেশের স্বাধীনতা একসূত্রে গাঁথা— বিশ্লেষণ কর। ৪

২. মাহমুদ বিশ্ববিদ্যালয়ে পড়া অবস্থায় মুক্তিযুদ্ধ শুরু হলে দেশকে শত্রুমুক্ত করার জন্য সহপাঠীদের সংগঠিত করে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে। যুদ্ধে তাদের অনেকেই শহীদ হলেও দেশটি শত্রুমুক্ত হয়।

ক. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? ১

খ. মুক্তিযুদ্ধে জাতিসংঘের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. মাহমুদ যে সমাজের প্রতিনিধিত্ব করছে, মুক্তিযুদ্ধে সে সমাজের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সমাজের ভূমিকাতেই কি বাংলাদেশের স্বাধীনতা সম্ভব হয়েছিল? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৩. জনাব হাসান অস্ট্রেলিয়া থেকে সপরিবারে আমেরিকা যাচ্ছিলেন। এক সময় বিমান থেকে ঘড়ির সময় পরিবর্তনের কথা বলা হয়। এ বিষয়ে হাসানের ছেলে জানতে চাইলে জনাব হাসান জানালেন, স্থানীয় সময়ের সঙ্গে মিল রাখার জন্য একটি নির্দিষ্ট রেখা অতিক্রম করলে সময়ের পরিবর্তন করতে হয়। এছাড়া সময় নির্ণয়ের ক্ষেত্রে এ রকম আরো অনেক কাল্পনিক রেখা রয়েছে।

ক. সর্বোচ্চ দ্রাঘিমা কত? ১

খ. আহ্নিক গতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত রেখাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শেষোক্ত উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪. সুমনের মামা রাঙামাটিতে চাকরি করেন। সুমন সেখানে বেড়াতে গেলে তার মামা তাকে একটি বাঁধ দেখিয়ে বললেন, এ বাঁধ দিয়ে সবচেয়ে কম খরচে বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে। তিনি আরও বললেন, আমাদের আরেকটি সম্পদ আছে, যেটি ব্যবহার করে বিদ্যুৎসহ অন্যান্য ক্ষেত্রের জ্বালানি চাহিদা মেটানো সম্ভব হবে।

ক. প্রাকৃতিক সম্পদ কাকে বলে? ১

খ. গরান বনভূমি বলতে কী বোঝায়? ২

গ. সুমনের মামা প্রথমে যে বিদ্যুৎ উৎপাদনের কথা বললেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের শেষ অংশে বর্ণিত সম্পদটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে"— বিশ্লেষণ কর। ৪

৫. জনাব আশরাফ খান একটি স্থানীয় প্রতিষ্ঠানের প্রধান। তাঁর প্রতিষ্ঠানের আরও নয়জন পুরুষ সদস্য এবং তিনজন মহিলা সদস্য আছেন। তিনি তাঁর এলাকায় উন্নত বীজ, চারা ও সার বিতরণের সুষ্ঠু ব্যবস্থা করে থাকেন।

ক. বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর তৃতীয় স্তর কোনটি? ১

খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত স্থানীয় প্রতিষ্ঠান সৃষ্টির প্রেক্ষাপট ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কাজটি কি উক্ত প্রতিষ্ঠানের একমাত্র কাজ? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

Teachingbd24.com

৬. বিদেশী নাগরিক মি. 'ক' বাংলাদেশের কর্ণফুলী কাগজ কল পরিদর্শনে এসেছিলেন। তিনি জানতে পারলেন, এটি একটি সরকারি প্রতিষ্ঠান এবং এর পাশাপাশি বেশ কিছু বেসরকারি কাগজ কলও রয়েছে। কিন্তু তাঁর নিজের দেশে ব্যক্তি মালিকানায় কোনো প্রতিষ্ঠান নেই।

ক. অভাব কী? ১

খ. সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. মি. 'ক' এর দেশে কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. 'ক' এর দেশের অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭. জনাব 'ক' সরকারের একটি বিভাগের সদস্য। সে বিভাগে তিনি সম্প্রতি দেশের মৎস্য সম্পদের উন্নয়নে কিছু বিধি-নিষেধ প্রস্তাব করেন। উপস্থিত সকলের মধ্যে অধিকাংশের সম্মতিতে তার প্রস্তাবটি গৃহীত হয়। ফলে কারেন্ট জালে মাছ ধরার উপর বিধি নিষেধাজ্ঞা জারি হয়।

ক. এরিস্টটল কোন দেশের অধিবাসী? ১

খ. নাগরিকত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত আইনের উৎসটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত উৎসটি কি আইনের একমাত্র উৎস? তোমার উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৮. গফুর একজন দরিদ্র লোক। পৈত্রিক সূত্রে পাওয়া সামান্য জমিই তার একমাত্র সম্বল। মহাজনের পাওনা পরিশোধ ও সংরক্ষণ সুবিধার অভাবে উৎপাদিত পণ্য কমমূল্যে বিক্রি করতে বাধ্য হয়।

ক. ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে? ১

খ. মোট জাতীয় উৎপাদন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ক্ষেত্রটির অগ্রসরতার ক্ষেত্রে যে প্রতিবন্ধকতার চিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ক্ষেত্রের প্রতিবন্ধকতাসমূহ দূর করতে কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে বলে মনে কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৯. মিসেস শায়লা হক 'ক' নামক একটি আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত আছেন। সেটি জনগণের কাছ থেকে কোনো অর্থ জমা রাখে না, বরং 'খ' নামক অন্য আর্থিক প্রতিষ্ঠানের অর্থ জমা রাখার পাশাপাশি ঋণও নিয়ন্ত্রণ করে।

ক. বাংলাদেশে সরকারের কত বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করেন? ১

খ. গ্রামীণ ব্যাংক কেন বিনা জামানতে ব্যাংকিং সুবিধা প্রদান করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'খ' নামক আর্থিক প্রতিষ্ঠানের কার্যাবলি ব্যাখ্যা কর। ৩

ঘ. ঋণ নিয়ন্ত্রণ 'ক' নামক আর্থিক প্রতিষ্ঠানের একমাত্র কাজ নয়— মূল্যায়ন কর। ৪

১০.

| | |
|---|---|
| A | বৈশ্বিক উষ্ণায়ন, নদী ভাঙন, জলোচ্ছ্বাস। |
| B | পেশা পরিবর্তন, বিভিন্ন শ্রেণির উদ্ভব, একক পরিবার সৃষ্টি |

ক. প্রযুক্তি কী? ১

খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. ছক-A-তে সামাজিক পরিবর্তনের যে যে উপাদানের ইঙ্গিত দেওয়া হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "ছক-B-তে প্রতিফলিত উপাদানটি সামাজিক পরিবর্তনের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১. জনাব 'ক' বাসে চড়ে ঢাকা যাচ্ছিলেন। পথিমধ্যে বাসটি নষ্ট হয়ে গেলে তিনিসহ আরো বেশকিছু যাত্রী নেমে রাস্তার পাশে অন্য বাসের অপেক্ষায় দাঁড়িয়ে ছিলেন। এমন সময় একটি কাভার্ড ভ্যান দ্রুতগতিতে এসে ধাক্কা দিলে তার আশেপাশে কয়েকজন মারা গেলেও তিনি কোনো রকমে প্রাণে বেঁচে যান।

ক. কিশোর শ্রমিকদের জন্য স্বাভাবিক কাজের সময়সীমা দৈনিক কত ঘণ্টা? ১

খ. সামাজিক নৈরাজ্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যা ফুটে উঠেছে তার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সমস্যাটি শুধু ব্যক্তির পারিবারিক জীবনকেই বিপর্যস্ত করে না, আর্থ-সামাজিক ও মানসিক জীবনেও দুর্বিষহ করে তোলে— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: ১ ৫ ০

## বহুনির্বাচনি অভীক্ষা

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **ভারতে ব্রিটিশ শাসনের অবসান হয় কখন?**
(ক) ১৯৪৭ সালের ১৪ আগস্ট
(খ) ১৯৪৭ সালের ২৪ আগস্ট
(গ) ১৯৪৮ সালের ২৩ জুন
(ঘ) ১৯৪৯ সালের ৭ মার্চ

২. **"কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি" শীর্ষক কবিতাটির পটভূমি কী?**
(ক) সাহসী মনোভাব  (খ) ছাত্র হত্যার প্রতিবাদ
(গ) শাসকের প্রতি হুমকি  (ঘ) শহীদদের স্মৃতি রক্ষা

৩. **মুক্তিযুদ্ধে গণমাধ্যম যে ভূমিকা পালন করে—**
i. মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করা
ii. দেশাত্মবোধক গান ও সংবাদ প্রচার
iii. রণাঙ্গনের তথ্য প্রচার
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪, ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
মাসুদ ও কামাল দুই বন্ধু। উচ্চ শিক্ষার জন্য মাসুদ সিউলে এবং কামাল ভারতের চেন্নাইয়ে যায়। একদিন মাসুদ বাংলাদেশ সময় সন্ধ্যা ৭.০০টায় কামালকে ফোনে বলে, এখন সিউলে রাত ৯.০০টা ৩২ মিনিটে। জবাবে কামাল বলে, চেন্নাইয়ের দ্রাঘিমা ৮০°১৫ পূর্ব কিন্তু ঢাকার দ্রাঘিমা ৯০° পূর্ব।

৪. **উদ্দীপকের আলোকে সিউলের দ্রাঘিমা কত?**
(ক) ১২৮° পূর্ব  (খ) ১৩০° পূর্ব
(গ) ১৩৫° পূর্ব  (ঘ) ১৩৮° পূর্ব

৫. **উদ্দীপকের আলোকে বাংলাদেশের সময় সন্ধ্যা ৭.০০টা হলে, চেন্নাইয়ের স্থানীয় সময় কত?**
(ক) ৬ টা ১মিনিটে  (খ) ৬ টা ১০ মিনিট
(গ) ৬ টা ১৫ মিনিটে  (ঘ) ৬ টা ২১ মিনিট

৬. **উক্ত সময়ের এমন পার্থক্যের কারণ—**
i. আহ্নিক গতি
ii. বার্ষিক গতি  iii. দ্রাঘিমার পার্থক্য
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

৭. **লালমাই পাহাড় কুমিল্লা শহর থেকে অবস্থিত?**
(ক) ৫ কি.মি. পূর্বে  (খ) ৬ কি.মি. দক্ষিণে
(গ) ৭ কি.মি. উত্তরে
(ঘ) ৮ কি. মি. পশ্চিমে

৮. **ভূমিকম্প চলাকালীন সময় করণীয়—**
i. টেবিল বা খাটের নিচে ঢুকে পড়া
ii. বাইরে থাকলে ঘরে প্রবেশ না করা
iii. নিজেকে ধীর-স্থির ও শান্ত রাখা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

৯. **কর্ণফুলী নদী কোন শহরের খুব নিকট দিয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে?**
(ক) ঢাকা  (খ) চট্টগ্রাম
(গ) কুমিল্লা  (ঘ) সিলেট

১০. **যমুনা নদী সৃষ্টির কারণ—**
(ক) ভূমিকম্প  (খ) বন্যা
(গ) নদী ভাঙন  (ঘ) বৃষ্টি

১১. **"The Modern State" গ্রন্থটি কে রচনা করেন?**
(ক) ম্যাকাইভার  (খ) গার্নার
(গ) প্লেটো  (ঘ) এরিস্টটল

১২. **এটর্নি জেনারেলের নিয়োগ দান করেন কে?**
(ক) বিচারপতি  (খ) আইনমন্ত্রী
(গ) প্রধানমন্ত্রী  (ঘ) রাষ্ট্রপতি

১৩. **পাকিস্তান গণপরিষদে দেশের সংবিধান প্রণয়ন করতে কত বছর সময় লাগে?**
(ক) ৭  (খ) ৮
(গ) ৯  (ঘ) ১০

১৪. **কত সাল থেকে জাতিসংঘের কার্যপ্রণালীতে বাংলা ভাষা ব্যবহৃত হয়?**
(ক) ১৯৮২  (খ) ১৯৮৪
(গ) ১৯৮৬  (ঘ) ১৯৮৮

১৫. **একটি দেশের অর্থনৈতিক অবস্থা বুঝতে হলে জানতে হবে সেই দেশের—**
i. মোট জাতীয় উৎপাদন
ii. মোট দেশজ উৎপাদন
iii. জনগণের মাথাপিছু আয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

১৬. **সম্পদের অপ্রাচুর্যতা বলতে কী বোঝায়?**
(ক) চাহিদার সীমাবদ্ধতা
(খ) দ্রব্যের অভাব পূরণের ক্ষমতা
(গ) যোগানের সীমাবদ্ধতা
(ঘ) জনগণের চাহিদার হার

১৭. **Y = মাথাপিছু আয়, Z = মোট জাতীয় আয় এবং P = মোট জনসংখ্যা হলে, নিচের কোনটি সঠিক?**
(ক) $Y = \frac{P}{Z}$  (খ) $Y = \frac{Z}{P}$
(গ) $Z = \frac{Y}{P}$  (ঘ) $P = \frac{Z}{Y}$

Teachingbd24.com


১৮. ব্যাংকের আমানত সাধারণত কত প্রকার?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

১৯. সরকারের কর বহির্ভূত আয়ের উৎস হল—
i. আবগারি শুল্ক ii. লভ্যাংশ ও মুনাফা
iii. ভাড়া ও ইজারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. বাংলাদেশে শিশু আইন, ১৯৭৪-এ শিশু ধরা হয়েছে কত বছরের কম বয়স পর্যন্ত?
ক ১৫ খ ১৬
গ ১৭ ঘ ১৮

২১. মাতৃত্বকালীন ছুটি ৬ মাস, কখন থেকে কার্যকর করা হয়?
ক ৯ জানুয়ারি/২০১১
খ ১১ জানুয়ারি/২০১১
গ ৯ জানুয়ারি/২০১২
ঘ ১১ জানুয়ারি/২০১২

২২. মাতামুহুরী নদীটির দৈর্ঘ্য কত?
ক ১০০ কি.মি. খ ১১০ কি.মি.
গ ১২০ কি.মি. ঘ ১৩০ কি.মি




২৩. খালি ঘরের জন্য কোনটি সঠিক?
ক সামাজিক মূল্যবোধ
খ সামাজিক নৈরাজ্য
গ সামাজিক পরিবর্তন
ঘ সামাজিক অসংগতি

২৪. সাদমান সাহেব তার একমাত্র স্ত্রী রাহেলা ও তিন ছেলে-মেয়েকে নিয়ে অবসর সময়ে বিভিন্ন পর্যটন এলাকা পরিদর্শন করেন। সাদমান সাহেবের পরিবারটি হল—
i. একপত্নী পরিবার
ii. বহুপত্নী পরিবার
iii. একটি আদর্শ পরিবার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে এবং ২৫, ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
স্কুলে যাওয়ার পথে নেহা একটি প্রাইভেট কারের ধাক্কায় মাটিতে পড়ে যায়। তার শরীর থেকে প্রচুর রক্তক্ষরণ হয়। ঐ সময় তার শরীরে রক্ত দেওয়া হয়। এরপর থেকে নেহার ওজন দ্রুত হ্রাস পায়। সে মাঝে মাঝে জ্বর ও ব্যথা অনুভব করে।

২৫. নেহার রোগটির সাথে কোন রোগের সাদৃশ্য রয়েছে?
ক জন্ডিস খ ক্যান্সার
গ এইডস ঘ বসন্ত

২৬. নেহার রোগটি মূলত—
ক ব্যাকটেরিয়া জনিত
খ ভাইরাস জনিত
গ ছোঁয়াচে
ঘ বায়ুবাহিত

২৭. নেহা উক্ত রোগে আক্রান্ত হওয়ার প্রধান কারণ—
i. দুর্ঘটনায় পতিত হওয়া
ii. অপরীক্ষিত রক্ত গ্রহণ
iii. ডাক্তারের অবহেলা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

২৮. সামাজিক পরিবর্তনের গতি কীরূপ?
ক ধীর
খ দ্রুত
গ ধীর ও দ্রুত
ঘ মধ্যম

২৯. পানিসম্পদ ব্যবস্থাপনা বলতে কী বোঝ?
ক পরিকল্পিত পানি প্রবাহ
খ পরিকল্পিত প্রাপ্যতা ও ব্যবহার
গ পানির প্রবাহ নিশ্চিত করা
ঘ সকলের জন্য পানির প্রাপ্যতা

৩০. রাজনৈতিক দলের উদ্দেশ্য হলো—
i. বৈধ ও নিয়মমাফিক নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রের শাসনভার গ্রহণ করা
ii. দলের নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন করা
iii. বিবৃতি ও সমালোচনার মাধ্যমে সরকারকে আইনের মধ্যে রাখতে বাধ্য করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ |

https://teachingbd24.com